ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৮৩৫

আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০২৫

**ক্যান্সার প্রতিরোধ ও প্রাথমিক সনাক্তকরণে বিশেষ উদ্যোগ**

কণিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন কাউলিকুড়া আয়ুষ্মান আরোগ্য মন্দিরে ১০০ দিনের বিশেষ ক্যান্সারের সনাক্তকরণ ক্যাম্পেইনকে সামনে রেখে ৩ থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত এক বিশেষ ক্যান্সার স্ক্রিনিং ক্যাম্পেইন সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। ১০০ দিনের বিশেষ ক্যান্সারের সনাক্তকরণ ক্যাম্পেইন উদ্যোগের মূল উদ্দেশ্য ছিল গ্রামীণ মানুষের মধ্যে ক্যান্সারের প্রাথমিক লক্ষণ সনাক্তকরণ ও সচেতনতা বৃদ্ধি করা। কমিউনিটি হেলথ অফিসার মণিকা রিয়াং এবং এমপিডব্লিউ সুব্রত চক্রবর্তী-এ বিশেষ গুরুত্ব দেওয়া -এর নেতৃত্বে পরিচালিত এই শিবিরে মুখগহ্বর ক্যান্সার স্ক্রিনিং জনের মুখগহ্বর পরীক্ষা ৪৭ হয়। মোট, ১৭ জনের হিমোগ্লোবিন এবং ১৪ জনের রক্তে সুগার মাত্রা পরীক্ষা করা হয়। এই পরীক্ষাগুলি ক্যান্সার প্রতিরোধের পাশাপাশি সামগ্রিক স্বাস্থ্য নিরীক্ষাতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিনামূল্যে এই স্বাস্থ্য সেবার ফলে স্থানীয় জনগণের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা যায়। বিশেষ করে অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া মানুষদের জন্য এটি ছিল একটি অমূল্য সুযোগ। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****